

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪৬৭
মোহনপুর, ১৬ জানুয়ারি, ২০২৫

পূর্ণরাজ্য দিবস উপলক্ষে মোহনপুরে প্রস্তুতি সভা

মোহনপুর মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে মোহনপুর পুর পরিষদ ও মোহনপুর পঞ্চায়েত সমিতির সহযোগিতায় আগামী ২১ জানুয়ারি মোহনপুর পঞ্চায়েত সমিতি হলে মহকুমা ভিত্তিক পূর্ণরাজ্য দিবস উদযাপন করা হবে। এ উপলক্ষে আজ মোহনপুর পুর পরিষদের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব, মোহনপুর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন শংকর দেব, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সদস্য জয়লাল দাস, মোহনপুর মহকুমার মহকুমা শাসক নির্মল কুমার, মোহনপুর পুর পরিষদের ডেপুটি সিইও ধীরাপদ দেবনাথ, মোহনপুর তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক অশোক দেববর্মা এবং বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার প্রতিনিধিগণ।
